



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদফতর  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
নলছিটি, ঝালকাঠি  
www.nalchity.jhalakathi.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৪২৭৩.০০০.০০০.১৬.০০০৯.২৫.৫৮

তারিখ: ১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
০১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত এতিমখানাসমূহের সকল তথ্য ও দাপ্তরিক রেজিস্ট্রার হালনাগাদ রাখা প্রসঙ্গে।**

সূত্র: বেসকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্র্যান্ট সংক্রান্ত নীতিমালা-২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন নিবন্ধিত বেসরকারি এতিমখানাসমূহের পরিদর্শন ও তদারকি কার্যক্রম চলমান রয়েছে। পরিদর্শনে অনেক প্রতিষ্ঠানের নথিপত্রে অসংগতি পরিলক্ষিত হওয়ায় জরুরি ভিত্তিতে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

১. নিবাসী তথ্য: নিবাসীদের ছবিসহ তালিকা সংরক্ষণ, এতিম ও সুবিধাবঞ্চিত শিশুর পিতৃহীন বা পরিত্যক্ত হওয়ার স্বপক্ষে মেয়র/চেয়ারম্যানের প্রত্যয়ন এবং বাৎসরিক ভিত্তিতে উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয়ের নিকট থেকে প্রত্যয়ন গ্রহণ।

২. ভর্তি ও শিক্ষা: প্রতিষ্ঠানে নতুন নিবাসী ভর্তির ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী কমিটির কার্যবিবরণী সংরক্ষণ এবং নিবাসীদের স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানে ১০০% ভর্তি নিশ্চিতকরণ।

৩. রেজিস্ট্রার হালনাগাদকরণ: প্রতিষ্ঠানের কার্যক্রম স্বচ্ছ রাখতে নিম্নোক্ত রেজিস্ট্রারসমূহ অবশ্যই প্রস্তুত ও হালনাগাদকরণ:

- নিবাসী ভর্তি রেজিস্ট্রার, হাজিরা রেজিস্ট্রার ও ছুটি রেজিস্ট্রার।
- ইনডেন্ট (ভোগ্যপণ্য সরবরাহ) রেজিস্ট্রার।
- শিক্ষা সংক্রান্ত রেজিস্ট্রার, প্রশিক্ষণ সংক্রান্ত রেজিস্ট্রার ও পুনর্বাসন সংক্রান্ত তথ্য সম্বলিত রেজিস্ট্রার।
- ক্যাশ বহি ও বিল-ভাউচার রেজিস্ট্রার।
- ব্যাংক হিসাব সংক্রান্ত রেজিস্ট্রার।
- মজুদ (Stock) রেজিস্ট্রার, দান-অনুদান রেজিস্ট্রার।

৪. প্রশাসনিক: উন্মুক্ত স্থানে সাইনবোর্ড স্থাপন, নিয়মিত জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সংগীত পরিবেশন এবং অডিট ও কমিটির মেয়াদ হালনাগাদ রাখা।

পরিদর্শনকালে তথ্যের গরমিল বা নথিপত্রে ঘাটতি পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ক্যাপিটেশন গ্র্যান্ট স্বগিত/বাতিলের সুপারিশ করা হবে। এমতাবস্থায়, আগামী ৭ কার্যদিবসের মধ্যে সকল তথ্য ও রেজিস্ট্রার হালনাগাদ করার নির্দেশ প্রদান করা হলো।

০১-০৪-২০২৬  
মোঃ আসাদুজ্জামান  
উপজেলা সমাজসেবা অফিসার

সভাপতি/সম্পাদক, ..... এতিমখানা(সকল), ঝালকাঠি সদর, ঝালকাঠি।।

স্মারক নম্বর: ৪১.০১.৪২৭৩.০০০.০০০.১৬.০০০৯.২৫.৫৮/১(৬)

তারিখ: ১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
০১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর।

- ২। পরিচালক, প্রতিষ্ঠান অধিশাখা, সমাজসেবা অধিদফতর।
- ৩। পরিচালক (উপসচিব), বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, বরিশাল।
- ৪। উপপরিচালক, বেসরকারী এতিমখানার ক্যাপিটেশন গ্রান্ট, সমাজসেবা অধিদফতর।
- ৫। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঝালকাঠি এবং
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (অতিরিক্ত দায়িত্ব), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নলছিটি, ঝালকাঠি।



A handwritten signature in blue ink, located to the right of the QR code.

০২-০৪-২০২৬

মোঃ আসাদুজ্জামান

উপজেলা সমাজসেবা অফিসার